

📃 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩:৮৫

💵 আরবি মূল আয়াত:

وَ مَن يَّبتَغِ غَيرَ الإسلَامِ دِينًا فَلَن يُّقبَلَ مِنهُ وَ هُوَ فِي الأَخِرَةِ مِنَ الخُسِرِينَ ﴿٨٥﴾

আর যে ইসলাম ছাড়া অন্য কোন দীন চায় তবে তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। — আল-বায়ান

আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন গ্রহণ করতে চাইবে কক্ষনো তার সেই দ্বীন কবূল করা হবে না এবং আখেরাতে সে ব্যক্তি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। — তাইসিরুল

আর যে কেহ ইসলাম ব্যতীত অন্য ধর্ম অম্বেষণ করে তা কখনই তার নিকট হতে গৃহীত হবেনা এবং পরলোকে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। — মুজিবুর রহমান

And whoever desires other than Islam as religion - never will it be accepted from him, and he, in the Hereafter, will be among the losers. — Sahih International

৮৫. আর কেউ ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন গ্রহণ করতে চাইলে তা কখনো তার পক্ষ থেকে কবুল করা হবে না এবং সে হবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।

তাফসীরে জাকারিয়া

(৮৫) যে কেউ ইসলাম ছাড়া অন্য ধর্ম অম্বেষণ করবে, তার পক্ষ হতে তা কখনও গ্রহণ করা হবে না। আর সে হবে পরলোকে ক্ষতিগ্রস্তদের দলভুক্ত।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=378





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন